বিগত ২৩ সেপ্টেম্বর' ২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২০২৬ -২৭ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২৬) সভার কার্যবিবরণী

সভাপতিঃ মুহাম্মদ জাহাঙ্গীর আলম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

সভার তারিখঃ ২৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিঃ।

সভার সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

স্থানঃ পানি ভবন, লেভেল ১, রুম নং-১০৭

উপস্থিতিঃ সংযুক্তি ১ সদয় দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার উপস্থিতি বিবেচ্য সংযুক্তিঃ ১, সদয় দ্রষ্টব্য। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবোর'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৬-২৭ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর কমিটির সদস্য, জনাব মোঃ মঈনুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) বাপাউবোর'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। এসময়ে তিনি উল্লেখ করেন যে, বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ১০ সেপ্টেম্বর' ২০২৫ খ্রিঃ তারিখে সংশোধন করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও বর্তমান সরকার কর্তৃক গৃহীত নির্বাচনী প্রতিশ্রুতবদ্ধ প্রকল্প গ্রহণের কারনে বাপাউবোর'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণ করা প্রয়োজন মর্মে সভায় সে বিষয়ে গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে উল্লেখিত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবাসমূহের প্রয়োজনীয় সংযোজন-বিয়োজন ও দায়িত্বপ্রাপ্ত দপ্তরসমূহ ও কর্মকর্তাগণের তথ্য হালনাগাদকরণের বিষয়ে তার বক্তব্য উপস্থাপন করেন। অত্র কমিটির সদস্য-সচিব জনাব শুভ আহম্মেদ, নির্বাহী প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণ ও সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৬-২৭ বাপাউবো'র সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল দপ্তরে প্রতিপালনের জন্য বাপাউবো কর্তৃক উক্ত নির্দেশিকাটি পৃষ্ঠাঙ্কনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষণ করার বিষয়ে সভায়

Scanned with CamScanner

মতামত প্রকাশ করেন। কমিটির সকল সদস্য বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়াও হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বাপাউবো'র ওয়েবসাইটসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহে প্রদর্শনের জন্য প্রয়োজনীয় কার্যগ্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।

উল্লিখিত বিষয় সমূহের উপর আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ

১। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে উল্লেখিত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবাসমূহের প্রয়োজনীয় সংযোজন-বিয়োজন ও দায়িত্বপ্রাপ্ত দপ্তরসমূহ ও কর্মকর্তাগণের তথ্য হালনাগাদ করতে হবে এবং পরবর্তী সময়ে হালনাগাদকৃত তথ্য বাপাউবো'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত ড্রপ বক্সে আপলোড করতে হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৬-২৭ বাপাউবো'র সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল দপ্তরে প্রতিপালনের জন্য বাপাউবো কর্তৃক উক্ত নির্দেশিকাটি পৃষ্ঠাঙ্কনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষণ করতে হবে। ।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সবার সমাপ্তি ঘোষনা করেন।

২৩/০৭/২৬

(শুভ আহম্মেদ)
নির্বাহী প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত)
অতিঃ প্রধান প্রকৌশলী (পুর),
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর
দপ্তর, বাপাউবো, ঢাকা ও
কমিটির সদস্য-সচিব

২৩/০৭/২৬

(মোঃ মঈনুল ইসলাম)
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা ও

কমিটির সদস্য

২৩/০৭/২০২৬

(মুহাম্মদ জাহাঙ্গীর আলম)
অতিঃ প্রধান প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত)
অতিঃ প্রধান প্রকৌশলী (পুর),
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর,
বাপাউবো, ঢাকা ও

কমিটির আহবায়ক

Scanned with CamScanner